চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৫ অক্টোবর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স পুনঃমূল্যায়ন বিষয়ে সুধীজনদের সাথে ২৫ নং রামপুর ওয়ার্ড কাউন্সিলরের মতবিনিময়

নগরীর ২৫ নং রামপুর ওয়ার্ডে ২৫ অক্টোবর ২০১৭ খ্রি. বিকেলে মধ্য সমাজ উন্নয়ন কমিটির উদ্যোগে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স পুনঃমূল্যায়ন বিষয়ে সুধীজনদের সাথে মতবিনিময় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মধ্য সমাজ উন্নয়ন কমিটির পক্ষে চাঁদ জমাদার মসজিদ এর খতিব ইলিয়াছ আহমদ, এতে প্রধান অতিথি ছিলেন ২৫ নং রামপুর ওয়ার্ড কাউন্সিলর এস এম এরশাদ উল্লাহ। বিশেষ অতিথি ছিরেন সমাজ সেবক আলহাজ্ব ইউসুফ মিয়া বিকম, আলহাজ্ব মোহাম্মদ আলী, বীরমুক্তিযোদ্ধা আইয়ুব নাছের, নাছির সওদাগর, এস এম ইলিয়াছ, আতিকুর রহমান, সমাজ উন্নয়ন কমিটির সদস্য এস এম হাবিব উল্লাহ, মো. সফিকুর রহমান, গোলাম মোস্তাফা, মো. নাজের, আবদুল লতিফ, এ এম বিকরিয়া এবং ইসহাক চেয়ারম্যান সহ সমাজের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ। সুধি সমাবেশে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী পৌরকর এসেসমেন্ট সংক্রান্ত বিষয়ে বিস্তারিত তথ্য উপাত্ত তুলে ধরেন কাউন্সিলর এস এম এরশাদ উল্লাহ। তিনি বলেন, নগরীর ৪১টি ওয়ার্ডকে দুই ভাগে বিভক্ত করে পৌরকর মূল্যায়ন করা হয়েছে। ২৫টি ওয়ার্ডকে কনজারভেন্সি ওয়ার্ড এর আওতায় গৃহকর ৭%, পরিচ্ছন্ন রেইট ৭% এবং বিদ্যুৎ রেইট ৩% হারে মোট ১৭% ধার্য্য করা হয়েছে। অপরদিকে বাকী ১৬ টি ওয়ার্ড আংশিক কনজারভেন্সি ওয়ার্ড বিবেচনায় পরিচ্ছন্ন রেইট ৭% এর স্থলে ৪% ধরে এসেসমেন্ট সম্পন্ন হয়েছে। সরকারি গেজেটের ভিত্তিতে সম্পাদিত এসেসমেন্ট বিষয়ে সম্মানিত হোল্ডারদের আপত্তি/আপিল দায়ের করার সুযোগ দিয়েছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এ সুযোগ গ্রহন করে নাগরিকদের অভিযোগ, অনিয়ম বা অন্যান্য বিষয়ে রিভিউ বোর্ডে উপস্থাপনের সম্পূর্ণ সুযোগ রয়েছে। আপিল বোর্ড হোল্ডিং মালিকদের আপত্তি আমলে নিয়ে ট্যাক্স চূড়ান্ত করার ক্ষমতা সংরক্ষণ করে। সে ক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন সাধারণ সভার সিদ্ধান্তের আলোকে এবং সরকারের গেজেট বিজ্ঞপ্তির ভিত্তিতে দরিদ্র, হতদরিদ্র, অসচ্ছল, আদিবাসী, জলাবদ্ধতার কারণে ক্ষতিগ্রস্ত হোল্ডার, বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, শহীদ পরিবার, রাষ্ট্রীয় খেতাব প্রাপ্ত পরিবারসহ বিশেষ ক্ষেত্রে সর্বোচ্চ ছাড় দিয়ে সহনীয় পর্যায়ে পৌরকর চূড়ান্ত করার সিদ্ধান্ত ইতোমধ্যে সংবাদ সম্মেলনের মাধ্যমে নগরবাসীকে অবহিত করেছেন। তিনি এ বিষয়ে ২৫ নং ওয়ার্ডের সর্বস্তরের নাগরিকদের সার্বিক সহযোগিতা কামনা করেন।

চট্টগ্রাম- ২৫ অক্টোবর ২০১৭খ্রি.

পঞ্চ বার্ষিকী পৌরকর পূনঃ মুল্যায়ন বিষয়ে চট্টগ্রাম আবাসিক হোটেল মালিক সমিতি এবং ক্যাব নেতৃবৃন্দের সাথে সিটি মেয়রের মতবিনিময়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, নগরীর সর্বস্তরের নাগরিকদের সমন্বিত প্রচেষ্টা ও সহযোগিতায় নাগরিক সেবা নিশ্চিত করতে চাই। সম্প্রতি সম্পাদিত পঞ্চ বার্ষিকী পৌরকর পূনঃমুল্যায়ন বিষয়ে সৃষ্ট যে কোন জটিলতা রিভিউ বোর্ডের মাধ্যমে নিষ্পত্তি করা হবে। নগরবাসীর উপর অযৌক্তিক পৌরকর চাপিয়ে দেয়ার কোন ইচ্ছা বা অভিপ্রায় মেয়রের নেই। অঙ্গিকার অনুযায়ী নাগরিক স্বার্থ অক্ষুন্ন রেখে রিভিউ বোর্ডের মাধ্যমে সহনীয় পর্যায়ে পৌরকর চূড়ান্ত হবে। মেয়র বলেন, এসেসমেন্টের কারনে সম্মানীত কোন হোল্ডারের উপর অবিচার হবে না। সর্বোচ্চ গুরুত্বের সাথে হোল্ডারদের আপিল আপত্তি নিষ্পত্তি করা হবে। হোটেল মালিকদের আপত্তি নিষ্পত্তির জন্য আলাদাভাবে রিভিউবোর্ড কাজ করবে। সেখানে হোটেল মালিকদের প্রতিনিধিদের সহযোগিতা গ্রহণ করা হবে। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, নগরীর ৪১টি ওয়ার্ডকে দুই ভাগে বিভক্ত করে পৌরকর মূল্যায়ন করা হয়েছে। ২৫টি ওয়ার্ডকে কনজারভেন্সি ওয়ার্ড এর আওতায় গৃহকর ৭%, পরিচ্ছন্ন রেইট ৭% এবং বিদ্যুৎ রেইট ৩% হারে মোট ১৭% ধার্য্য করা হয়েছে। অপরদিকে বাকী ১৬ টি ওয়ার্ড আংশিক কনজারভেন্সি ওয়ার্ড বিবেচনায় পরিচ্ছন্ন রেইট ৭% এর স্থলে ৪% ধরে এসেসমেন্ট সম্পন্ন হয়েছে। সরকারি গেজেটের ভিত্তিতে সম্পাদিত এসেসমেন্ট বিষয়ে সম্মানিত হোল্ডারদের আপত্তি/আপিল দায়ের করার সুযোগ দিয়েছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এ সুযোগ গ্রহন করে নাগরিকদের অভিযোগ, অনিয়ম বা অন্যান্য বিষয়ে রিভিউ বোর্ডে উপস্থাপনের সম্পূর্ণ সুযোগ রয়েছে। রিভিউ বোর্ড হোল্ডিং মালিকদের আপত্তি আমলে নিয়ে ট্যাক্স চূড়ান্ত করার ক্ষমতা সংরক্ষণ করে। সে ক্ষেত্রে সাধারণ সভার সিদ্ধান্তের আলোকে এবং সরকারের গেজেট বিজ্ঞপ্তির ভিত্তিতে দরিদ্র, হতদরিদ্র, অসচ্ছল, আদিবাসী, জলাবদ্ধতার কারণে ক্ষতিগ্রস্ত হোল্ডার, বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, শহীদ পরিবার, রাষ্ট্রীয় খেতাব প্রাপ্ত পরিবারসহ বিশেষ ক্ষেত্রে সর্বোচ্চ ছাড় দিয়ে সহনীয় পর্যায়ে পৌরকর চূড়ান্ত করার সিদ্ধান্ত ইতোমধ্যে সংবাদ সম্মেলনের মাধ্যমে নগরবাসীকে অবহিত করা হয়েছে। ২৫ অক্টোবর ২০১৭ খ্রি. বিকেলে নগরভবন কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে চট্টগ্রাম আবাসিক হোটেল মালিক সমিতি এবং ক্যাব নেতৃবৃন্দের মতবিনিময় সভায় মেয়র এসব কথা বলেন। এসময় ৩৩ নং ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস আবিদা আজাদ, প্রধান রাজস্ব কর্মকর্তা ড.মুহম্মদ মুস্তাফিজুর রহমান, চট্টগ্রাম আবাসিক হোটেল মালিক সমিতির সভাপতি ও সাবেক কমিশনার হাবিবুর রহমান, সাধারন সম্পাদক আবু বকর সিদ্দিকী, উপদেষ্টা পরিষদ এর চেয়ারম্যান আলহাজ্ব মো. সালামত আলী, ক্যাব দক্ষিণ জেলার সভাপতি মো. আবদুল মান্নান, সাধারন সম্পাদক এস এম শাহ নেওয়াজ আলী মিয়া, জাসদ এর সিনিয়র সহ সভাপতি ও ক্যাব সদস্য মোহাম্মদ জাহাঙ্গীর আলম চৌধুরী, জেলা পরিষদ সদস্য শাহিদা আকতার জাহান, ক্যাব চট্টগ্রাম মহানগর সভাপতি জেসমিন সুলতানা পারু, সাধারন সম্পাদক অজয় মিত্র শংকু, বাংলাদেশ কিন্ডারগার্টেন স্কুল এন্ড কলেজ ঐক্য পরিষদের চেয়ারম্যান ইকবাল বাহার চৌধুরী, ক্যাব চট্টগ্রাম মহানগর এর যুগ্ম সম্পাদক মো. জানে আলম, নির্বাহী পরিচালক মো. আলী শিকদার, কৃষকলীগের মহিলা বিষয়ক সম্পাদিকা ছেনোয়ারা সুলতানা, সহ সভাপতি নুরুল আবছার, যুগ্ম সাধারন সম্পাদক সালাহ উদ্দিন আহমদ চৌধুরী,সাংগঠনিক সম্পাদক শফিকুল ইসলাম, প্রচার সম্পাদক নুরুল কবির, অর্থ সম্পাদক আ ন ম আ শাকুর, এডভোকেট মোহন লাল মহাজন, শাহিন আকতার বিউটি, রোকসানা আকতার নবী, অনিতা চাকমা, জান্নাতুল ফেরদৌস সহ অন্যরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২৫ অক্টোবর ২০১৭খ্রি.

বাংলাদেশ ছাত্রলীগ সরকারী কমার্স কলেজ শাখার সাংগঠনিক সপ্তাহ এবং সদস্য সংগ্রহ কর্মসুচি উদ্বোধন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, মেধাবী ছাত্ররাই আগামীদিনে জাতিকে নেতৃত্ব দেবে। বাংলাদেশ ছাত্রলীগ মেধাবী ছাত্রদের সংগঠন। এই সংগঠনের পতাকাতলে ঐক্যবদ্ধ হয়ে দেশ ও জাতির কল্যাণে নিজেকে নিবেদিত করতে হবে। ছাত্রলীগের ইতিহাস স্বাধীনতার ইতিহাসের সাথে অঙ্গাঙ্গিভাবে জড়িত। এ সংগঠনের নেতাকর্মীরা অতীতে জীবন দিয়ে দেশ ও জাতির সংকটে অবদান রেখেছে। মায়ের ভাষার জন্য, স্বাধীনতার জন্য এবং মানুষের অধিকার আদায়ের জন্য ছাত্রলীগের অগুনন নেতাকর্মী জীবন দিয়ে ইতিহাসের স্বাক্ষী হয়ে আছে। মেয়র বর্তমান প্রজন্মের শিক্ষার্থীদের ছাত্রলীগের পতাকাতলে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান। বাংলাদেশ ছাত্রলীগ সরকারী কমার্স কলেজ শাখার সাংগঠনিক সপ্তাহ এবং সদস্য সংগ্রহ কর্মসুচি উদ্বোধন উপলক্ষে অনুষ্ঠিত ছাত্র সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র এ আহবান জানান। কলেজ মিলনায়তনে ২৫ অক্টোবর ২০১৭ খ্রি. বুধবার, দুপুরে অনুষ্ঠিত ছাত্র সমাবেশে সভাপতিত্ব করেন বাংলাদেশ ছাত্রলীগ সরকারি কমার্স কলেজ শাখার ভারপ্রাপ্ত সভাপতি সাব্বির চৌধুরী, এতে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, ২৮ নং পাঠানটুলী ওয়ার্ড কাউন্সিলর আলহাজ্ব আবদুল কাদের, মহানগর আওয়ামীযুবলীগের সদস্য মোস্তাক আহমদ টিপু, কমার্স কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি ও মহানগর ছাত্রলীগের সাবেক যুগ্ম সাধারন সম্পাদক জামাল উদ্দিন আহমদ চৌধুরী, কমার্স কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি ও বাংলাদেশ ছাত্রলীগের সাবেক সদস্য জাহাঙ্গীর হোসেন শান্ত, সাবেক সহ সম্পাদক আবদুল্লাহ আল মামুন ও ইয়াছির আরাফাত, বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় সদস্য মিথুন মল্লিক, ওয়াহেদ রাসেল, ওয়ায়েজ কাদের, চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের সহ সভাপতি নাজিম উদ্দিন রাসেল, সাংগঠনিক সম্পাদক মঈন শাহরিয়ার, হাসমত আলী রাসেল, অত্র কলেজ ছাত্রলীগ নেতা অনির্বান রায় প্রতিক, রোহবান আলম রুকু, মাহফুজুর রহমান, সাদ্দাম হোসেন সোহাগ, মাকসুদুর রহমান, তৌহিদুল কবির, শামসুল ইসলাম আবিদ, আতুল রাজু, শুভ বণিক, আবিদুল ইসলাম নাবিল, ফজলু, হৃদয় ও সিদ্দিক, সোহেল আলম সহ অন্যরা। ছাত্র সমাবেশে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আ জ ম নাছির উদ্দীন শিক্ষার্থীদের হাতে প্রাথমিক সদস্য ফরম বিতরণ করে সাংগঠনিক সপ্তাহ এবং সদস্য সংগ্রহ কর্মসূচি উদ্বোধন করেন।

চট্টগ্রাম- ২৫ অক্টোবর ২০১৭খ্রি.

মুক্তিযোদ্ধাদের কল্যাণে গৃহনির্মাণ প্রকল্পের আওতায় বীর মুক্তিযোদ্ধা ভবন নির্মাণ কাজ শুরু

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পাশাপাশি চট্টগ্রাম সিটি কর্পোরেশন গৃহহীন মুক্তিযোদ্ধা পুনর্বাসনের লক্ষ্যে বীর মুক্তিযোদ্ধাদের কল্যাণে গৃহনির্মাণ প্রকল্প বাস্তবায়ন করছে। চসিক এর নিজস্ব অর্থায়নে নগরীর বিভিন্ন ওয়ার্ডের অস্বচ্ছল ১০ জন বীর মুক্তিযোদ্ধাকে তাদের নিজস্ব জায়গায় গৃহনির্মাণ করে দেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। ২৪ অক্টোবর ২০১৭ খ্রি. বিকাল ৪ টায়, নগরীর উত্তর কাউলীস্থ মরহুম মৌলানা তমিজুর রহমান (মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক সাবেক মন্ত্রী জহুর আহমদ চৌধুরী) এর বাড়ীতে এ কর্মসূচীর আওতায় 'বীর মুক্তিযোদ্ধা ভবন' নির্মাণ কাজ শুরু করা হয়। এ উপলক্ষে এক সুধী সমাবেশ অনুষ্ঠিত হয়। সুধী সমাবেশে প্রধান অতিথি ছিলেন সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস আবিদা আজাদ। অনুষ্ঠানে আকবর শাহ থানার কমান্ডার সেলিম উল্লাহ, ডেপুটি কমান্ডার মো. নুর উদ্দিন, মুক্তিযোদ্ধা মোহাম্মদ হোসেন, আকতার উদ্দিন,

সাহাব উদ্দিন, ঈমাম হোসেন, মো. লোকমান, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলীগণ ও এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সুধী সমাবেশে বক্তারা বলেন, বীর মুক্তিযোদ্ধারা দেশের শ্রেষ্ঠ সন্তান। তাঁদের অনেকেই আজও মানবেতর জীবন যাপন করছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বীর মুক্তিযোদ্ধাদের সর্বোচ্চ সম্মান দিয়ে তাঁদের জীবন মান উন্নয়নে কাজ করে যাচ্ছে। পাশাপাশি চট্টগ্রাম সিটি কর্পোরেশন বীর মুক্তিযোদ্ধাদের পাশে দাঁড়িয়ে অসচ্ছলদের বাসস্থান নির্মাণ কর্মসূচি একটি প্রশংসনীয় উদ্যোগ।

চট্টগ্রাম- ২৫ অক্টোবর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের হোল্ডিং ট্যাক্স পুনঃমূল্যায়ন বিষয়ে সুধীজনদের সাথে ১৪নং লালখান বাজার ওয়ার্ড কাউন্সিলরের মতবিনিময়

নগরীর লালখান বাজার ওয়ার্ডস্থ শহীদ নগর সিটি কর্পোরেশন বালিকা বিদ্যালয় মাঠে ২৪ অক্টোবর ২০১৭ খ্রি. বিকেলে ১৪নং লালখান বাজার ওয়ার্ডের সুধীজনদের সাথে মতবিনিময় করেন লালখান বাজার ওয়ার্ডের কাউন্সিলর ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর। সুধী সমাবেশে সভাপতিত্ব করেন কাউন্সিলর এ এফ কবির আহমেদ মানিক। মতবিনিময় করেন সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মনোয়ারা বেগম মনি, স্থানীয় ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক দিদারুল আলম মাসুম, সুধীজনদের মধ্যে গরীব উল্লাহ শাহ সোসাইটি জামে মসজিদের সভাপতি আলহাজ্ব মঈনউদ্দীন আহমেদ, বাঘঘোনা সিদ্দিকীয়া জামে মসজিদের সভাপতি মাহবুবুল ইসলাম, সরকারি আইনজীবী এডভোকেট আবদুল্লাহ হাসান টিপু, জহির উদ্দিন চৌধুরী, জিএম ফারুক, আলহাজ্ব শাহদাত হোসেন, আলহাজ্ব জানে আলম, নজির আহমেদ, স্বপন কুমার চৌধুরী, সাধন সিংহসহ অন্যরা। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী পৌরকর এসেসমেন্ট সংক্রান্ত বিষয়ে বিস্তারিত তথ্য উপাত্ত তুলে ধরেন কাউন্সিলর এ এফ কবির আহমেদ মানিক। তিনি বলেন, নগরীর ৪১টি ওয়ার্ডকে দুই ভাগে বিভক্ত করে পৌরকর মূল্যায়ন করা হয়েছে। ২৫টি ওয়ার্ডকে কনজারভেন্সি ওয়ার্ড এর আওতায় গৃহকর ৭%, পরিচ্ছন্ন রেইট ৭% এবং বিদ্যুৎ রেইট ৩% হারে মোট ১৭% ধার্য্য করা হয়েছে। অপরদিকে বাকী ১৬ টি ওয়ার্ড আংশিক কনজারভেন্সি ওয়ার্ড বিবেচনায় পরিচ্ছন্ন রেইট ৭% এর স্থলে ৪% ধরে এসেসমেন্ট সম্পন্ন হয়েছে। সরকারি গেজেটের ভিত্তিতে সম্পাদিত এসেসমেন্ট বিষয়ে সম্মানিত হোল্ডারদের আপত্তি/আপিল দায়ের করার সুযোগ দিয়েছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এ সুযোগ গ্রহন করে নাগরিকদের অভিযোগ, অনিয়ম বা অন্যান্য বিষয়ে রিভিউ বোর্ডে উপস্থাপনের সম্পূর্ণ সুযোগ রয়েছে। আপিল বোর্ড হোল্ডিং মালিকদের আপত্তি আমলে নিয়ে ট্যাক্স চূড়ান্ত করার ক্ষমতা সংরক্ষণ করে। সে ক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন সাধারণ সভার সিদ্ধান্তের আলোকে এবং সরকারের গেজেট বিজ্ঞপ্তির ভিত্তিতে দরিদ্র, হতদরিদ্র, অসচ্ছল, আদিবাসী, জলাবদ্ধতার কারণে ক্ষতিগ্রস্ত হোল্ডার, বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, শহীদ পরিবার, রাষ্ট্রীয় খেতাব প্রাপ্ত পরিবারসহ বিশেষ ক্ষেত্রে সর্বোচ্চ ছাড় দিয়ে সহনীয় পর্যায়ে পৌরকর চূড়ান্ত করার সিদ্ধান্ত ইতোমধ্যে সংবাদ সম্মেলনের মাধ্যমে নগরবাসীকে অবহিত করেছেন। এর পর কোন ধরনের আপত্তি থাকার সুযোগ নেই। যারা অহেতুক নানা ধরনের কর্মসূচির মধ্য দিয়ে সম্মানিত হোল্ডারদের বিভ্রান্ত করার প্রয়াসে লিপ্ত তারা সকলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সিদ্ধান্তকে গ্রহন করে সহযোগীতায় এগিয়ে এলে নাগরিক সেবার ক্ষেত্রে সহায়ক হবে বলে চট্টগ্রামবাসী আশা পোষন করে। সুধীজনেরা চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সিদ্ধান্তকে সাধুবাদ জানিয়ে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন।

চট্টগ্রাম- ২৫ অক্টোবর ২০১৭খ্রি.

সিটি মেয়রের সাথে অলিয়ঁস ফ্রঁসেজ চট্টগ্রাম এর নব নিযুক্ত

পরিচালক ড.সেলভাম থরেজ এর সৌজন্য সাক্ষাত

২৫ অক্টোবর ২০১৭ খ্রি. দুপুরে নগরভবনের মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে অলিয়ঁস ফ্রঁসেজ চট্টগ্রাম এর নব নিযুক্ত পরিচালক ড.সেলভাম থরেজ (Dr.Selvam Thorez) সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতে মেয়র নব নিযুক্ত পরিচালককে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মনোগ্রাম খচিত ক্রেষ্ট ও ফুল দিয়ে শুভেচ্ছা জানান। এসময় তারা উভয় দেশের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে মতবিনিময় করেন। নবনিযুক্ত পরিচালকক ড.সেলভাম থরেজ (Dr.Selvam Thorez) মেয়রের কার্যক্রমের ভূয়সী প্রশংসা করে বলেন, চট্টগ্রাম অতীতের যে কোন সময়ের চেয়ে পরিবেশ বান্ধব নগরী হিসেবে পরিলক্ষিত হচ্ছে। তিনি তাদের চকবাজারস্থ অলিয়ঁস ফ্রঁসেজ কার্যালয়ের গাড়ী চলাচলের পথ সুগম করার জন্য মেয়রের সহযোগিতা কামনা করেন। মতবিনিময় সভায় ২নং ওয়ার্ড কাউন্সিলর মো. শাহেদ ইকবাল বাবু, মেয়রের একান্ত সচিব মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, অলিয়ঁস ফ্রসেজ কার্যালয়ের কর্মকর্তা সহ অন্যরা উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা